ওয়ার্ড বাসীর প্রতি সদস্য প্রার্থী জাকির হোসেনের আবেদন

৮নং ধানখোলা ইউনিয়নের ২ নং ওয়ার্ডবাসী আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। অত্যান্ত দুঃখ ভারাক্রান্ত হৃদয়ে আপনাদের উদ্দেশ্যে কিছু কথা বলিতে চাই। উক্ত ওয়ার্ডে আগামী ২০ শে অক্টোবর উপ-নির্বাচন হতে যাচ্ছে। এই উপ-নির্বাচনে আমি আপনাদের দোয়া প্রার্থী। উক্ত নির্বাচনে আপনাদের মূল্যবান ভোট দিয়ে আমাকে আপনাদের সেবা করার সুযোগ করে দিবেন। আগামী ২০ অক্টোবর ২নং ওয়ার্ডের মেম্বার পদে উপনির্বাচনে আপনাদের দোয়া ও সমর্থন চাই। যাহাতে আমি আপনাদের সুখে দুঃখে পাশে থাকতে পারি।

প্রিয় ওয়ার্ডবাসী আপনারা জানেন, এই ওয়ার্ডের আমার পিতা মৃত জাফর আলী প্রায় ৩ যুগ সুখে দুঃখে আপনাদের পাশে ছিলেন। হঠাৎ মহান সৃষ্টি কর্তার ডাকে সাড়া দিয়ে আমাদের কে চিরদিনের জন্য এতিম করে এই পৃথিবী ছেড়ে চলে যান। আপনাদের কাছে আমার সবিনয় অনুরোধ আমার পিতার জন্য দোয়া করবেন। আল্লাহ পাক রাব্বুল আলামিন তিনাকে যেন জান্নাত বাসী করেন।

আমি আমার বাবার দেখানো পথে ওয়ার্ডবাসীর সেবা করতে চাই। সুখে দুঃখে তাদের পাশে থাকতে চাই।

প্রিয় ভোটার, নির্বাচনে আমি বিজয়ী হলে আমি আমার বাবার রেখে যাওয়া কাজ গুলো শেষ করতে চাই। সেই সাথে আমার ওয়ার্ডের সকল সমস্যা সমাধান করে আধুনিকায়ন করতে চায়।

প্রশাসনের কাছে আবেদন, স্থানীয় প্রশাসন সহ প্রশাসনের সর্ব মহলের সার্বিক সহযোগিতা কামনা করছি। আগামী ২০ অক্টোবরে উপনির্বাচনে আমার সমর্থকরা ও ভোটার রা যাহাতে নির্বিঘ্নে ভোট কেন্দ্রে যেতে পারে এবং তাহাদের ভোটধিকার প্রদান করিতে পারে সে বিষয়ে সার্বিক সহযোগিতা কামনা করছি।

আমার প্রতিপক্ষরা সব সময় আমার ভোটারদের বিভিন্ন হুমকি ধামকি প্রদান করছে। যাহাতে তারা ভোট কেন্দ্রে যেতে না পারে সে বিষয়ে বিভিন্ন ষড়যন্ত্রে লিপ্ত আছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মঙ্গলবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২০ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১৯ জনের। আর পজেটিভ আসে ১ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪২৯৪ টি, সর্বমোট পজিটিভ ৬৩৪ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫১ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ২০ জন । এদের মধ্যে সদরে ৪ জন, মুজিবনগরে ১৩ জন এবং গাংনীতে ৩ জন। সুস্থ হয়েছেন সুস্থ্য= ৫৪৭ জন। এদের মধ্যে সদর ২৮৮, গাংনী ২০৪, মুজিবনগর ৫৫।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্ত ব্যক্তি হলেন গাংনী উপজেলার বাওট গোরস্থান পাড়ার মিনারুল ইসলাম (৪০)।

কালীগঞ্জে ফসলের সঙ্গে শত্রুতা থামছেই না, এবার পুইশাক ক্ষেত সাবাড়!

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার গয়েশপুর গ্রামের দরিদ্র কৃষক বাপ্পি হোসেনের ১৪ কাঠা জমির পুইশাক গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা।

সোমবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। যার আনুমানিক বিক্রিত মূল্য প্রায় দুই লক্ষ টাকা। এর আগে গত ৫ সেপ্টেম্বর রাতে একই কৃষকের ৬ কাঠা জমির বেগুন গাছ কেটে দিয়েছিল।

ভুক্তভোগী কৃষক বাপ্পি হোসেন জানান, তিনি একজন বর্গাচাষী। এর আগে গতমাসে আমার ৬ কাঠা জমির বেগুন গাছ কেটে দিয়েছিল। মঙ্গলবার সকালে ক্ষেতে গিয়ে দেখি ১৪ কাঠা জমির পুইশাক গাছ কেটে দিয়েছে। এতে আমার প্রায় ২ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। গ্রামে আমার কারো সাথে বিরোধ নেই। আমার এমন ক্ষতি করে কি লাভ হলো।

কালীগঞ্জ উপজেলা কৃষকলীগের সভাপতি আবুল কালাম আজাদ বলেন, মঙ্গলবার সকালে খবর পেয়ে ক্ষতিগ্রস্থ কৃষক বাপ্পির ক্ষেতে যায়। এর আগেও তার ৬ কাঠা জমির ক্ষেত নষ্ট করা হয়েছিল। কালীগঞ্জ

উপজেলায় সম্প্রতি বৃদ্ধি পেয়েছে ফসলী ক্ষেত বিনষ্টের ঘটনা। দূবৃর্ত্তরা রাতের আধারে একের পর এক নৃশংস ভাবে ধরন্ত -ফলন্ত ক্ষেত নষ্ট করছে। কৃষকেরা ধারদেনার মাধ্যমে ফসল চাষ করার পর ভরা ক্ষেত নষ্ট হওয়ায় তারা একেবারে পথে বসছে। রাতের আধারে কে বা কারা লোক চক্ষুর আড়ালে এমন জঘন্যতম কাজটি করছে।

কালীগঞ্জ থানার ওসি মাহাফুজুর রহমান মিয়া জানান, খবর পেয়ে আমরা গয়েশপুর গ্রামের ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন করেছি। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

এদিকে, গত শুক্রবার দিবাগত রাতে একই গ্রামে বিশারত মন্ডলের ফুলকপির বীজতলার চারা কেটে সাবাড় করেছে দুর্বৃত্তরা। এছাড়াও গত কয়েকমাসে প্রায় ২০ জন কৃষকের ফসলী গাছ কেটে সাবাড় করা হয়েছে। এ নিয়ে আইনশৃঙ্খলা কমিটির সভায় উদ্বেগ প্রকাশ করা হয়েছে। কিন্তু দিনের পর দিন ফসলের সঙ্গে শত্রুতার ঘটনা বৃদ্ধি পাওয়ায় চরম দুশ্চিন্তায় কৃষকরা।

মুজিবনগরে বিএনপির করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক বিতরণ

মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও মেহেরপুর ১ আসনের সাবেক এমপি মাসুদ অরুনের নির্দেশে করোনা ভাইরাস প্রতিরোধে সাধারণ মানুষকে সচেতন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে কেদারগন্জ বাজারের হাট প্রাঙ্গনে জেলা বিএনপি এর সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ এর নেতৃত্বে সাধারণ মানুষের মাঝে এ সকল মাস্ক বিতরণ করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান,সদস্য সচিব আনোয়ারুল ইসলাম,যুবনেতা আরিফ, আজাদ আলী, মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপার্থী আজিমুদ্দীন গাজী,সহ মুজিবনগর উপজেলা বিএনপি এর নেতৃবৃন্দ।

[redacted]

[redacted]

জেলা পরিষদের সদস্য শহিদুল ইসলাম শাহানের পরিচালনায় মতবিনিময়সভায় বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি মানিক আকবর, সাধারন সম্পাদক আরিফুল ইসলাম ডালিম, জেড আলম ও প্রবীণ সাংবাদিক আনোয়ার হোসেন।

আলমডাঙ্গায় ১৪ বছরের কিশোরীকে ধর্ষন, থানায় মামলা

আলমডাঙ্গা পৌরসভার নওদাবন্ডবিল গ্রামে ১৪ বছর বয়সি এক কিশোরী ধর্ষনের শিকার হয়েছে।
সোমবার দিনগত রাতে প্রতিবেশী টিক্কা কিশোরীকে তার ঘরে নিয়ে গিয়ে ধর্ষন করে। এ ব্যাপারে থানায় ধর্ষনের মামলা দায়ের হয়েছে। ধর্ষক টিক্কাকে গ্রেফতার করা যায়নি।

এজাহার সূত্রে জাান গেছে, আলমডাঙ্গা পৌরসভার নওদাবন্ডবিল গ্রামের অষ্টম শ্রেনীতে পড়ুয়া মেয়ে রাতে বাথরুমে যেতে ঘরের বাইরে আসে। এ সময় প্রতিবেশী মিজানুর রহমানের ছেলে কামরুজ্জামান টিক্কা মেয়েটিকে মুখ চেপে ধরে তার ফাঁকা ঘরে নিয়ে যায়। এরপর সেখানে তাকে ধর্ষন শেষে মুখ না খুলতে হুমকি দেয়। এরপর মেয়েটি বাড়িতে এসে ওই রাতেই তার বাবা-মাকে ঘটনা খুলে বলে।

মেয়েটির বাবা-মা রাতে ঘটনা থানায় জানালে পুলিশ ধর্ষক টিক্কাকে আটক করতে অভিযানে নামে। তার আগেই টিক্কা ঘর ছেড়ে পালিয়ে যায়। এ সময় পুলিশ ধর্ষিতাকে থানা হেফাজতে নিয়ে নেয়। সকালে মেয়েটির ডাক্তারী পরীক্ষার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়। ম্যাজিস্ট্রেটের কাছে মেয়েটির জবানবন্দীও নেওয়া হয়।

প্রতিবেশী সূত্রে জানা গেছে, টিক্কা ক‘বছর আগে প্রথম বিয়ে করে সংসার পেতেছিল। কিন্ত সেই বিয়ে বেশীদিন টিকেনি। পরে সে আবার বিয়ে করে। দ্বিতীয় স্ত্রীর সাথেও টিক্কার ছাড়াছাড়ি হয়ে যায়। এরপর থেকে সে প্রতিবেশী ওই কিশোরীর দিকে কুনজর দিতে থাকে। প্রতিবেশী হিসেবে তাদের মধ্যে কথাবার্তাও হত বলে জানা গেছে।

মামলার তদন্তকারী কর্মকর্তা থানার এসআই সুলতানুল ইসলাম জানান, মেয়েটির ডাক্তারী পরীক্ষা সম্পন্ন হয়েছে। থানায় ধর্ষনের এজাহার দায়ের হয়েছে। আসামী ধর্ষক টিক্কাকে গ্রেফতার করতে জোর চেষ্টা চলছে।

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১০ বোতল ফেন্সিডিলসহ বাপ্পি মিয়া (৩১) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। মঙ্গলবার বিকালে গাংনী উপজেলার কাজীপুর ডিগ্রী কলেজের সামনে থেকে তাকে আটক করা হয়। আটক বাপ্পি মিয়া কুষ্টিয়া মজমপুরের ইচাহাক হক এর ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে এস আই অজয় কুমার কুন্ডু এএসআই জসিম উদ্দিন ও এএসআই মাহাতাব উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে তাকে আটক করে জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে আসা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক বাপ্পি মিয়ার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে পুরাতন স্বাস্থ্য সতর্কতা সম্বলিত ১ হাজার চারশ

সিগারেট জব্দ

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের মাদ্রাসার সামনে থেকে জাপান টোব্যাকো কোম্পানির পুরাতন স্বাস্থ্য সতর্কতা সম্বলিত সাদা ও লাল রঙের শেখ সিগারেট এবং মোর সিগারেটসহ মোট ১ হাজার ৪’শ শলাকা ও ৮পিস চিনামাটির প্লেট জব্দ করা হয়েছে।

আজ মঙ্গলবার সকালে উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম অভিযান চালিয়ে এগুলো জব্দ করেন।

তিনি জানান,কোম্পানীর বিক্রয় প্রতিনিধি মোঃ হাশেম আলীর নিকট থেকে এই সব পুরাতন সিগারেট ও উপঢোকন প্লেট জব্দ করা হয়েছে। ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রণ আইন অনুযায়ী এই নিষিদ্ধ সামগ্রী জব্দ করা হয়েছে।

ধর্ষণের প্রতিবাদে গাংনীতে পল্লী সমাজের মানববন্ধন

নারী ও শিশু নির্যাতন, ধর্ষন ও হত্যার প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে মানববন্ধন করেছে পল্লী সম্জা। মঙ্গলবার বেলা ১১টায় গাংনী প্রেসক্লাবের সামনে ব্র্যাকের পল্লী সমাজের নেতৃত্বে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করা হয়।

এসময় বক্তব্য রাখেন, মহিলা বিষয়ক অফিসের প্রশিক্ষক আরিফা খাতুন,ব্লকবাটিক প্রশিক্ষক তালিমন নেছা,বিউটিফিকেশন নারগিস সুলতানা,সিইপি জেলা ব্যাবস্থাপক ফাতেমা খাতুন প্রমুখ।

ব্র্যাকের এফও বাবলু কুমার শীলের সর্বিক সহযোগীতায় এবং ব্র্যাক সামাজিক ক্ষমতায়ন কর্মসুচীর আওতায় মানববন্ধনে উপস্থিত বক্তারা দেশে প্রতিনিয়িত ধর্ষণ ও খুনের ঘটনা ঘটছে। এসব ঘটনায় দোষিদেরকে সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড কার্যকর করার দাবীও জানান ।